

## স্মার্টফোনের চার্জার দিয়েই চার্জ হবে ল্যাপটপ, স্মার্টওয়াচ, ইয়ারবার্ডস

- A Monitor Desk Report

Date: 21 November, 2023



স্মার্টফোন, ল্যাপটপ, ট্যাবলেট, নোটবুক, ইত্যাদিতেই কাটে দিনের বেশিরভাগ সময়। এই স্মার্ট ডিভাইসগুলো নির্ভর করে নিরবচ্ছিন্ন শক্তি সরবরাহের ওপর। দরকার হয় নির্দিষ্ট চার্জার আর কেবলের। কিন্তু এত কেবলের ঝামেলা এড়াতে এখন আছে সর্বজনীন সমাধান।

ইউএসবি-পিডি চার্জার দিয়ে চার্জ হবে টাইপ-সি পোর্টযুক্ত সব ডিভাইস। মাঝারি বাজেটে এই প্রযুক্তি নিয়ে সম্প্রতি বাজারে এসেছে ইনফিনিট্র নোট ৩০ সিরিজের স্মার্টফোন। ইউএসবি পাওয়ার ডেলিভারি বা পিডি প্রোটোকল সাধারণত তিক ততটুকু শক্তি সরবরাহ করে, যতটুকু প্রয়োজন।

আরও পড়ুন: [পর্যটনে বাংলাদেশ-নেপাল-মালদ্বীপের মধ্যে সহযোগিতার ওপর গুরুত্বারোপ](#)

ল্যাপটপ, স্মার্টফোন বা যেকোনো ডিভাইসের জন্যই চার্জারটি এই কাজ করতে সক্ষম। টাইপ-সি যুক্ত কোনো ডিভাইসে পিডি প্রযুক্তি থাকলে, সেটি যে কোনো চার্জার থেকে চার্জ নিতে পারবে।

-B